


স্বাক্ষরের অবস্থান



শেখ লুৎফর রহমান সেতু

শুভ উদ্বোধন



সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

পটভূমি

উন্নয়নের অন্যতম স্তম্ভ উন্নত সড়ক অবকাঠামো। নদীমাতৃক এ দেশের নিরবচ্ছিন্ন সড়ক যোগাযোগ ব্যবস্থায় সেতু শুধু অপরিহার্য অনুসঙ্গই নয়, একাধিক জনপদের সেতুবন্ধন তৈরির অন্যতম মাধ্যম। পিরোজপুর-গোপালগঞ্জ সড়কের ৪০তম কিলোমিটারে টুঙ্গিপাড়ার পাটগাতিঘাটে মধুমতি নদীর উপর নবনির্মিত শেখ লুৎফর রহমান সেতু পিরোজপুর জেলাকে রাজধানী ঢাকা ও গোপালগঞ্জ জেলার সাথে সংক্ষিপ্ততম সড়ক পথে সংযুক্ত করেছে এবং পিরোজপুর, বাগেরহাট ও গোপালগঞ্জ জেলার ব্যাপক জনগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়নে অপরিমেয় অবদান রাখবে।

শেখ লুৎফর রহমান সেতুর নির্মাণস্থান টুঙ্গিপাড়া ঘিরে রয়েছে এক গৌরবময় ইতিহাস। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিস্থল টুঙ্গিপাড়ায় অবস্থিত। দূর-দূরান্ত থেকে জনসাধারণের মধুমতি নদী পার হয়ে বঙ্গবন্ধুর সমাধিতে পৌঁছাতে অনেক সময়ের প্রয়োজন হয়। এখানে একটি সেতু নির্মাণ ছিল জনসাধারণের দীর্ঘদিনের প্রত্যাশা। এ লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০০ সালের ২৩শে ডিসেম্বর সেতুটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। বিগত ২০০২ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত সেতুটি নির্মাণের সকল কার্যক্রম বন্ধ ছিল। বর্তমান সরকার বিগত মেয়াদে দায়িত্বভার গ্রহণ করে এ অঞ্চলের জনগণের প্রত্যাশা পূরণের লক্ষ্যে ২০০৯ সালে সেতুটির অসমাপ্ত কাজ সমাপ্ত এবং পিরোজপুর-গোপালগঞ্জ সড়ক উন্নয়নের জন্য একটি প্রকল্প গ্রহণ করে। পরবর্তীতে দ্রুততার সাথে সেতুর নির্মাণ কাজ সম্পন্ন করা হয়।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নবনির্মিত শেখ লুৎফর রহমান সেতুর উদ্বোধনের মধ্য দিয়ে পিরোজপুর জেলার সাথে ঢাকার দূরত্ব প্রায় ২৫ কিলোমিটার হ্রাস পাবে। এর ফলে পিরোজপুর, বরগুনা, বাগেরহাট জেলার জনগণের যাতায়াত এবং পণ্য পরিবহন ব্যয় হ্রাস পাবে। উৎপাদিত কৃষি ও অকৃষি পণ্য বাজারজাতকরণ সহজতর হবে। সেতুটি এ অঞ্চলের মানুষের মনে নতুন আশার সঞ্চার করেছে এবং এতদঞ্চলের জনজীবনে ইতিবাচক পরিবর্তনের নতুন দিগন্ত উন্মোচন করেছে।



মধুমতি নদীতে পাটগাতি ফেরীঘাটে চলাচলরত ফেরী



শেখ লুৎফর রহমান সেতুর এ্যাপ্রোচ সড়ক



শেখ লুৎফর রহমান সেতু

প্রকল্প পরিচিতি

প্রকল্পের নাম	: পিরোজপুর - গোপালগঞ্জ সড়ক উন্নয়ন এবং "শেখ লুৎফর রহমান সেতু" নির্মাণ প্রকল্প
সেতুর নাম	: শেখ লুৎফর রহমান সেতু
নদীর নাম	: মধুমতি
প্রশাসনিক মন্ত্রণালয়	: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	: সড়ক ও জনপথ অধিদপ্তর
সেতুর ব্যয়	: ৭২.৬৫৬৭ কোটি টাকা
অর্থায়ন	: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্মাণ প্রতিষ্ঠান	: আর পি কন্সট্রাকশন (প্রাঃ) লিঃ
সেতুর ধরণ	: প্রি-স্ট্রেসড কনক্রিট গার্ডার এবং স্টিল ট্রাস এর উপর আর সি সি স্যাব
সেতুর দৈর্ঘ্য	: ৩৯১.৪৯১ মিটার
স্প্যান সংখ্যা	: ৭
স্প্যান বিন্যাস	: ২x৪৮.০৯৫মিটার+২x৪৮.৫২মিটার + ২x৪৮.৬১মিটার+১x১০১.০৩৫মিটার
সেতুর প্রস্থ	: ৯.৫০ মিটার
ক্যারেজওয়ের প্রস্থ	: ৭.৫০ মিটার
ফাউন্ডেশনের ধরন	: কাস্ট-ইন-সিটু আর সি সি পাইল
নেভিগেশন ক্লিয়ারেন্স	: আনুভূমিক ৯৪ মিটার (মধ্য স্প্যান) উল্লম্ব ৭.৬২ মিটার
এ্যাপ্রোচ সড়কের দৈর্ঘ্য	: গোপালগঞ্জ প্রান্ত ৩৭৫ মিটার বাগেরহাট প্রান্ত ৪৯৫ মিটার